

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩


## বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠান খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হিসেবে রূপান্তরের ১৯ (উনিশ) বছর পূর্তি উপলক্ষ্যে আগামী ০১/০৯/২০২২ইং তারিখ রোজ বৃহস্পতিবার “বিশ্ববিদ্যালয় দিবস-২০২২” উদযাপন করা হবে। উক্ত বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম।

এ প্রেক্ষিতে আগামী ০১/০৯/২০২২ইং তারিখ রোজ বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত অনুষ্ঠানমালায় অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের ক্লাসসমূহ স্থগিত থাকবে তবে দর্শনার্থীদের জন্য বেলা ৩:০০ ঘটিকা থেকে সকল বিভাগের ল্যাবসমূহ খোলা থাকবে। অত্র বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীকে নিম্নোক্ত অনুষ্ঠানসমূহে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

তারিখ ও সময়	অনুষ্ঠানসূচি
১লা সেপ্টেম্বর ২০২২ সকাল ৯:৩০	প্রশাসনিক ভবনের সামনে প্রীতি সমাবেশ
সকাল ৯:৪৫	পতাকা উত্তোলন ও বিশ্ববিদ্যালয় দিবস উদ্বোধন
সকাল ১০:০৫	আনন্দ র্যালী (প্রশাসনিক ভবন হতে শুরু হয়ে ফুলবাড়িগেট পুলিশ বক্স হয়ে অডিটোরিয়াম পর্যন্ত)
সকাল ১০:৪৫	কুয়েটের অর্জন: অতীত, বর্তমান ও ভবিষ্যত- প্রেজেন্টেশন স্থান: অডিটোরিয়াম
সকাল ১১:১৫	আলোচনা সভা স্থান: অডিটোরিয়াম
দুপুর ১২:৩০	বৃক্ষ রোপন কর্মসূচি ও মাছের পোনা অবমুক্তকরণ
দুপুর ১৩:০০	বিরতি
বিকাল ১৫:০০	দর্শনার্থীদের জন্য বিভিন্ন বিভাগের ল্যাবসমূহ উন্মুক্তকরণ
বিকাল ১৬:০০	প্রীতি ফুটবল ম্যাচ
বিকাল ১৭:১৫ (বাদ আছর)	দোয়া মাহফিল স্থান: কেন্দ্রীয় জামে মসজিদ

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

  
৩০/০৮/২০২২


(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)  
রেজিস্ট্রার  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ৭৯২/২০

তারিখ : ৩০/০৮/২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর ইনস্টিটিউটের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর বিভাগের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচার এবং ০১/০৯/২০২২ইং তারিখ বিকাল ৩:০০ ঘটিকা হতে স্ব-স্ব বিভাগের ল্যাবসমূহ দর্শনার্থীদের পরিদর্শনের জন্য খোলা রাখার অনুরোধসহ।
- ৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। হলের ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৬। প্রধান প্রকৌশলী, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর শাখায় সকল কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৮। সভাপতি, মসজিদ কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৯। সভাপতি, বৃক্ষ উন্নয়ন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। সভাপতি, জমি ও পুকুর কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ।
- ১২। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৩। অফিস কপি।

  
(মোঃ আনিছুর রহমান)  
সহকারী রেজিস্ট্রার